বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারী আদেশ অনুযায়ী প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে নিম্নে বর্ণিত পদ সমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ এবং প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে বোর্ডের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪
১।	সহকারী পরিচালক (জনসংযোগ) ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-(এনপিএস-২০০৯) টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	০১টি	ক) সাংবাদিকতায় অনার্সসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সাংবাদিকতায় ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। কোন জাতীয় দৈনিকে সাংবাদিকতায় ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে। খ) কম্পিউটার প্রশিক্ষণ (এমএস ওয়ার্ড, এমএসএক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক।
২।	পাবলিসিটি অফিসার ৬৪০০-৪১৫×৭-৯৩০৫-ইবি-৪৫০×১১-১৪২৫৫/- (এনপিএস-২০০৯) টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	০১টি	ক) সাংবাদিকতায় ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০ বা ২য় বিভাগ/শ্রেণীর নিম্নে নহে। খ) কম্পিউটার প্রশিক্ষণ (এমএস ওয়ার্ড, এমএসএক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক।
৩।	প্রকাশনা সহকারী ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/- (এনপিএস-২০০৯) টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	০১টি	ক) স্নাতক/সমমান। কোন পরীক্ষাতেই জিপিএ-২.০০/২য় বিভাগের নিম্নে নহে। মুদ্রণ, প্রকাশনা ও প্রুফ রিডিং সংক্রান্ত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ অবশ্যই বাংলা ও ইংরেজী উভয় ভাষায় ভাল দখল থাকিতে হইবে। প্রবন্ধ লিখনে সক্ষম হইতে হইবে। খ) কম্পিউটার প্রশিক্ষণ (এমএস ওয়ার্ড, এমএসএক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক।
৪।	স্টাফ আর্টিস্ট ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫/- (এনপিএস-২০০৯) টাকা এবং অন্যান্য প্রচলিত ভাতাদি।	০১টি	ক) এইচএসসি/সমমানসহ সরকারী/সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে চিত্র শিল্পে ডিপ্লোমা থাকিতে হইবে। কোন পরীক্ষাতে জিপিএ-২.০০/২য় বিভাগের নিম্নে নহে। খ) কম্পিউটার প্রশিক্ষণ (এমএস ওয়ার্ড, এম,এস,এক্সেল, ওয়ার্ড প্রসেসিং) থাকা আবশ্যক।

শর্তাবলীঃ

১। বর্ণিত পদের জন্য বয়সসীমা ০৫-১১-২০১৫ ইং তারিখে ১৮-৩০ বৎসর। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বৎসর। ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত পদের ক্ষেত্রে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীগণের বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২। সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সংশ্লিষ্ট সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হইবে।

৪। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা না পাওয়া গেলে পুত্র কন্যার পুত্র কন্যাগণকে সরকারী নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যা এর ক্ষেত্রে তাহাদের পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। একই সাথে আবেদনের স্বপক্ষে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হইলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।

চলমান-২

৫। (ক) দরখাস্তের সহিত প্রার্থীদের (১) উপ-পরিচালক (হিসাব), কোয়াক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা-এর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকার অফেরতযোগ্য ক্রসড পোস্টাল অর্ডার (২) সদ্য তোলা ৩ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (৩) ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সকল পরীক্ষা পাশের মূল সনদের সত্যায়িত অনুলিপি (৪) কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণের সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (৫) ২জন অনাত্মীয় ১ম শ্রেণীর কর্মকর্তার নিকট হইতে দুইটি চারিত্রিক সনদপত্র (৬) প্রার্থী যে জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নাগরিকত্বের সনদ (৭) উপজাতিয় প্রার্থীদের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের নিকট হইতে প্রত্যয়নপত্র (৮) নিজ ঠিকানা লিখিত ও ৬ (ছয়) টাকা মূল্যের ষ্ট্যাম্পযুক্ত ২৮×১১ সেঃ মিঃ সাইজের একটি খাম আবেদনপত্রের সহিত সংযোজন করিতে হইবে। কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী ১ম শ্রেণীর কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল থাকিতে হইবে।

(খ) দরখাস্তের নির্ধারিত ফরম বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব সাইট (www.bpdb.gov.bd) হইতে ডাউনলোড করা যাইবে। ইহাছাড়া দরখাস্তের নির্ধারিত ফরম (ফটোকপি গ্রহণযোগ্য) অফিস চলাকালীন সময়ে কক্ষ নং-৪০৮, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকার দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

(গ) আবেদনপত্রে কোন ভুল তথ্য পরিবেশন করিলে অথবা চাহিদাকৃত কাগজপত্র সঠিক ও সম্পূর্ণরূপে সংযোজন করা না হইলে অথবা নির্ধারিত তারিখের পরে পাওয়া গেলে আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। কোনক্রমেই পরবর্তীতে কোন কাগজপত্র/প্রত্যয়নপত্র গ্রহণ করা হইবে না। **খামের উপর প্রার্থীত পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। মুক্তিযোদ্ধার সন্তান হইলে আবেদনপত্রের উপর উহা স্পষ্টভাবে লিখিতে হইবে।**

৬। আবেদনপত্র আগামী ০৫-১১-২০১৫ ইং তারিখের মধ্যে পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে/পৌঁছাইতে হইবে। উক্ত তারিখের পরে ডাকযোগে বা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত আবেদন গৃহীত হইবে না।

১৩/১০/১৫

পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।